110

দৈনিক ইত্তেফাক

তারিখ 24 JUN 1995
পৃষ্ঠা ১২ কলাম ৭

## ডিগ্রী পরীক্ষার ফল জুনের শেষ দিকে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৪ সালের ডিগ্রী পরীক্ষার ফল চলতি মাসের শেষে প্রকাশিত হইবে। গতকাল (শুক্রবার) এই ব্যাপারে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসির সহিত যোগাযোগ করা হইলে তিনি বলেন, আমরা আরও আগেই ফলাফল প্রকাশ করিতে পারিতাম। কিন্তু কয়েকজন পরীক্ষক নির্ধারিত সময়ে খাতা ও নম্বর জমাদানে অবহেলা করেন। আমরা ইতিমধ্যেই প্রায় সব কিছু চূড়ান্ত করিয়া ফেলিয়াছি। এই মাসের মধ্যেই আশা করিতেছি ফল প্রকাশ করিতে পারিব।